

বাংলাদেশ দূতাবাস
স্টকহোম

২৯ই নভেম্বর ২০০৭

প্রিয় বাংলাদেশী ভাই / বোন ,

আপনারা নিশ্চয় অবগত আছেন যে, এই দূতাবাস বিভিন্ন সময়ে জাতীয় এবং অন্যান্য বিভিন্ন দিবস উদযাপন উপলক্ষে দূতাবাসে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে থাকে। এ সকল অনুষ্ঠানে নাচ, গান, কবিতা আবৃত্তি এবং যন্ত্রসংগীত, ইত্যাদি পরিবেশনের জন্য এই দূতাবাস সুইডেনে বসবাসরত শিল্পীদের একটি তালিকা তৈরী করছে। এই তালিকায় অন্তর্ভুক্ত শিল্পীবৃন্দকে, দূতাবাস বিভিন্ন সময়ে দূতাবাস কর্তৃক আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাবে।

আপনারা নিশ্চয় একমত হবেন যে, বিদেশের মাটিতে বাংলাদেশের শিল্প সংস্কৃতিকে তুলে ধরা এবং জাতীয় দিবসের অনুষ্ঠানে অংশ গ্রহণ করতে পারা একটি অত্যন্ত গৌরবের বিষয়। আপনি যদি শিল্পী হয়ে থাকেন, অথবা আপনার সন্তান, আত্মীয় /পরিচিত জনদের মধ্যে যদি কোন শিল্পী (বা শিশু শিল্পী) থাকেন যিনি / যারা দূতাবাস কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণ করতে ইচ্ছুক, তবে তালিকা ভুক্তির জন্য দূতাবাসের সাথে যোগাযোগ করতে অনুরোধ জানাচ্ছি। তালিকাভুক্তির জন্য নির্দিষ্ট ফরম দূতাবাসের ওয়েবসাইট (www.bangladoot.se) - এ পাওয়া যাবে। শিল্পী নিজে বা তার অভিভাবক ফরমটি পূরণ করে যথাশীঘ্র সম্ভব দূতাবাসে প্রেরণ করতে পারেন।

এখানে উল্লেখ করা যেতে পারে যে দূতাবাসের শিল্পী-তালিকায় সকল শিল্পীবৃন্দকে তাঁদের নিজ নিজ পরিচয় ও যোগ্যতা সাপেক্ষে অন্তর্ভুক্ত করা হবে এবং তালিকাভুক্তির ক্ষেত্রে শিল্পীর সংগঠন (যদি থাকে) বা অন্য কোন পরিচয় বিবেচিত হবে না।

শাহনাজ গাজী
কাউন্সেলর ও চ্যান্সারী প্রধান

**Registration Form for Participating in Cultural Programmes
arranged by Bangladesh Embassy in Stockholm**

Photo

Name of the participant :

Date of Birth (dd/mm/yr) :

Gender :

Address of the participant :

Telephone No. (Home) :

Mobile phone No. :

Email :

Name, address, mobile and fax numbers, email
address of the parents/guardian of artiste who
under the age of 18) :

Area of participation
e.g. dance, music, musical instrument
(pl write the name of the instruments) recitation, etc. :

Signature of the participant: _____

Signature of the parent/guardian of child artiste: _____

Date :